গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিল্প মন্ত্রণালয়
এপিএ, শুদ্ধাচার ও অভিযোগ নিষ্পত্তি অধিশাখা
৯১, মতিঝিল, বা/এ, ঢাকা।
www.moind.gov.bd

**শিল্প মন্ত্রণালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২২-২০২৩ বাস্তবায়নের লক্ষ্যে নৈতিকতা কমিটির জানুয়ারি ২০২৩ মাসের সভার কার্যবিবরণী**

সভাপতি : জনাব জাকিয়া সুলতানা
সচিব, শিল্প মন্ত্রণালয়
তারিখ : ২২/০১/২০২৩
সময় : বেলা ০৩:২০ ঘটিকা
স্থান : মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার সূচনা করেন। গত ১৯/১২/২০২২ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর উপর কোনো সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর সভাপতির অনুমতিক্রমে আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যপত্র ধারাবাহিকভাবে উপস্থাপন করা হয়।

০২. সভায় উপস্থাপিত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা সংক্রান্ত বিভিন্ন তথ্যাদি ও কার্যক্রমের উপর বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১. | সভায় অবহিত করা হয় যে, শিল্প মন্ত্রণালয়ের ২০২২-২৩ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনায় অন্তর্ভুক্ত সকল কার্যক্রম মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী চলমান আছে। ২য় ত্রৈমাসিকের বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন গত ১৫-০১-২০২৩ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে এবং এবিষয়ে সংশ্লিষ্টদের সাথে যোগাযোগ অব্যাহত আছে। | ২০২২-২০২৩ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার অন্তর্ভুক্ত সকল কার্যক্রম মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী সম্পন্ন করতে হবে এবং এবিষয়ে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা, শিল্প মন্ত্রণালয় |
| ০২. | সভায় জানানো হয় যে, ২০২২-২৩ অর্থবছরে মন্ত্রণালয়ের সকল পর্যায়ের কর্মকর্তার IAP প্রণয়ন করা হয়েছে। | প্রণীত IAP অনুযায়ী যথাসময়ে সকল কার্যক্রম বাস্তবায়ন করতে হবে। | সকল কর্মকর্তা ও শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা, শিল্প মন্ত্রণালয় |
| ০৩. | চলমান ২০২২-২৩ অর্থবছরে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত ২টি অংশীজনের অংশগ্রহণে সভা আয়োজনের লক্ষ্যমাত্রা রয়েছে মর্মে সভায় জানানো হয়। তন্মধ্যে ১ম সভাটি গত ১১/১২/২০২২ তারিখে সম্পন্ন হয়েছে এবং ২য় সভাটি ৩য় ত্রৈমাসিকের মধ্যে বাস্তবায়ন করা হবে। | চলমান ২০২২-২৩ অর্থবছরে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে ২য় সভাটি ৩য় ত্রৈমাসিকের মধ্যে বাস্তবায়ন করতে হবে। | শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা, শিল্প মন্ত্রণালয় |
| ০৪. | সভায় জানানো হয় যে, চলমান ২০২২-২৩ অর্থবছরে শুদ্ধাচার সংক্রান্ত ২টি ব্যাচের প্রশিক্ষণ বাস্তবায়িত হয়েছে এবং অবশিষ্ট ১টি ব্যাচের প্রশিক্ষণ ৩য় ত্রৈমাসিকে বাস্তবায়ন করা হবে। | ২০২২-২৩ অর্থবছরে ৩য় ব্যাচের প্রশিক্ষণ যথাসময়ে বাস্তবায়ন করতে হবে। | উপসচিব, প্রশিক্ষণ, শিল্প মন্ত্রণালয় |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০৫. | সভায় অবহিত করা হয় যে, চলমান ২০২২-২৩ অর্থবছরে কর্ম-পরিবেশ উন্নয়নে দুটি কার্যক্রম রয়েছে। তন্মধ্যে ১টি কার্যক্রম (অফিসের ভিতর ও বাহিরে পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি) বাস্তবায়ন করা হয়েছে।<br>অপর কার্যক্রমটি (অকেজো মালামাল বিনষ্টকরণ) ৪র্থ-ত্রৈমাসিকে বাস্তবায়নের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা আছে এবং সে অনুযায়ী বাস্তবায়ন করা হবে। | ২০২২-২৩ অর্থবছরে কর্মপরিবেশ উন্নয়ন সংক্রান্ত ৪র্থ ত্রৈমাসিকে সময়াবদ্ধ কার্যক্রমটি যথাসময়ে বাস্তবায়ন সম্পন্ন করতে হবে। | অতিরিক্ত সচিব (প্রশাসন) ও সিনিয়র সহকারী সচিব (সাধারণ সেবা), শিল্প মন্ত্রণালয় |
| ০৬. | সভায় জানানো হয় যে, চলমান ২০২২-২৩ অর্থবছরে ২য়, ৩য় ও ৪র্থ ত্রৈমাসিকে আওতাধীন দপ্তর/সংস্থার দাখিলকৃত প্রতিবেদনের ওপর ৩টি ফিডব্যাক সভা আয়োজনের লক্ষ্যমাত্রা রয়েছে।<br>চলমান ২০২২-২৩ অর্থবছরে ২০-১০-২২ ও ৩০-০১-২৩ তারিখে ২টি ফিডব্যাক সভা বাস্তবায়িত হয়েছে।<br>তাছাড়া ৩০ এপ্রিল/২০২৩ তারিখের মধ্যে ৩য় ফিডব্যাক সভাটি সম্পন্ন করার লক্ষ্যমাত্রা নির্ধারিত আছে। তদানুযায়ী ফিডব্যাক সভা বাস্তবায়ন করা হবে। | ২০২২-২৩ অর্থবছরের অবশিষ্ট ৩য় ফিডব্যাক সভাটি ৪র্থ ত্রৈমাসিকে নির্ধারিত সময়ে বাস্তবায়ন করতে হবে। | শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা,শিল্প মন্ত্রণালয় |
| ০৭. | সভায় জানানো হয় যে, রাজস্ব বাজেটের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনা ২য় ত্রৈমাসিক পর্যন্ত ৯.৬৬% বাস্তবায়িত হয়েছে। বাস্তবায়ন কাজ চলমান আছে। | রাজস্ব বাজেটের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনা লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়ন করতে হবে। | অতিরিক্ত সচিব (প্রশাসন), শিল্প মন্ত্রণালয় |
| ০৮. | সভায় জানানো হয় যে, চলমান অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যমাত্রা ৩০% এর বিপরীতে ৩২.৯৯% বাস্তবায়ন করা হয়েছে। | বার্ষিক উন্নয়ন কর্মসূচি লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়ন কাজ অব্যাহত রাখতে হবে। | অতিরিক্ত সচিব (পরিকল্পনা), শিল্প মন্ত্রণালয় |
| ০৯. | সভায় জানানো হয় যে, চলমান ২০২২-২৩ অর্থবছরে ৫৮টি পিএসসি সভা আয়োজনের লক্ষ্যমাত্রা রয়েছে।<br>তন্মধ্যে ১ম ও ২য় ত্রৈমাসিকে মোট ১৪টি পিএসসি সভা আয়োজন করা হয়েছে।<br>৩য় ত্রৈমাসিকে আরও ২০ টি পিএসসি সভা বাস্তবায়নের লক্ষ্যমাত্রা রয়েছে। | চলমান ২০২২-২৩ অর্থবছরে ত্রৈমাসিকভিত্তিক লক্ষ্যমাত্রা অনুযায়ী পিএসসি সভার অয়োজন যথাসময়ে করতে হবে। এবিষয় পরিকল্পনা অনুবিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | অতিরিক্ত সচিব (পরিকল্পনা) শিল্প মন্ত্রণালয় |
| ১০. | সভায় জানানো হয় যে, প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের যানবাহন ও সম্পদ বিধি মোতাবেক হস্তান্তরের লক্ষ্যে ৩০/৬/২২ তারিখে সমাপ্তকৃত ৬ টি প্রকল্পের মধ্যে বিসিক ও বিটাকের ৪ টি প্রকল্প এবং মন্ত্রণালয়ের ২টি প্রকল্পের মালামাল হস্তান্তর করা হয়েছে। | গঠিত কমিটি প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সকল সম্পদ বিধি মোতাবেক হস্তান্তর কার্যক্রমটি মনিটরিং করবে এবং কার্যক্রমটি সুষ্ঠুভাবে বাস্তবায়ন সম্পন্ন করবে। | যুগ্ম সচিব (পরিকল্পনা) শিল্প মন্ত্রণালয় |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১১. | সভায় সংশ্লিষ্ট উপসচিব (এপিএ, শুদ্ধাচার ও অভিযোগ নিষ্পত্তি অধিশাখা) জানান যে, চলমান ২০২২-২৩ অর্থবছরে শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে মন্ত্রণালয়ের ৪টি কার্যক্রম রয়েছে:<br>ক. সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার:<br>মন্ত্রণালয়ের সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিত করতে হবে। যেসকল কর্মকর্তা গাড়ি ক্রয়ের জন্য সুদমুক্ত ঋণ পেয়েছেন এবং গাড়ি ক্রয় করেছেন তারা যাতে অফিসের গাড়ি ব্যবহার না করেন এ বিষয়টি নিশ্চিত করতে হবে।<br>খ. অডিট ম্যানেজমেন্ট সফটওয়্যারে ডাটাবেজ হালনাগাদকরণ:<br>কার্যক্রমটি চলমান আছে।<br>গ. ডিজিটাল/ সরেজমিনে পরিবীক্ষণের মাধ্যমে মিল জোন এলাকায় চিনিকলের আখ মাড়াইয়ে স্বচ্ছতা আনয়ন:<br>কার্যক্রমটি যথাযথভাবে বাস্তবায়নের জন্য মন্ত্রণালয়ের ৯ জন কর্মকর্তাকে মনিটরিং এর দায়িত্ব প্রদান করা হয়েছে<br>ঘ. মোহাম্মদপুর ও আদাবর থানায় প্যাকেজ ড্রিংকিং ওয়াটার পরিবীক্ষণ ও মনিটরিং এর মাধ্যমে গুণগত মান উন্নয়ন:<br>কার্যক্রমটি বাস্তবায়নের নিমিত্ত বিএসটিআই কর্তৃক প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। | ২০২২-২৩ অর্থবছরে শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক মন্ত্রণালয় কর্তৃক ৪টি কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে এবং এবিষয়ে যেসকল প্রতিষ্ঠান/শাখা/ অধিশাখার সংশ্লিষ্টতা রয়েছে তাদের সকলের সহযোগিতায় কার্যক্রমসমূহ সফলভাবে বাস্তবায়ন করতে হবে। | সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান, দপ্তর/সংস্থা প্রধান ও শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা, শিল্প মন্ত্রণালয় |
| ১২. | সভায় অবহিত করা হয় যে, মন্ত্রণালয়ের নৈতিকতা সংক্রান্ত পুনর্গঠিত কমিটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। কমিটির কার্যপরিধি অনুযায়ী কার্যক্রম চলমান আছে এবং এবিষয়ে আরও নতুন সিদ্ধান্ত গ্রহণ করা যেতে পারে। | নৈতিকতা কমিটির কার্যপরিধি অনুযায়ী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। | শুদ্ধাচার বিষয়ক নৈতিকতা কমিটি, শিল্প মন্ত্রণালয় |

০৩. অতঃপর সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
০৭/০২/২০২৩

সচিব
ও
সভাপতি, নৈতিকতা কমিটি
শিল্প মন্ত্রণালয়
জাকিয়া সুলতানা